

# দেশে জঙ্গি তৎপরতা নিয়ে সংলাপ বিভিন্ন উগ্র মৌলবাদী চক্রের সঙ্গে জামায়াতের যোগসাজশ আছে

নিজস্ব প্রতিবেদক

রাজধানীতে এক সংলাপে বক্তারা বলেন, সাম্প্রদায়িক শক্তিকে আশ্রয়-প্রশ্রয় দিয়ে জোট সরকার দেশ ও দেশের মানুষকে চরম নিরাপত্তাহীনতার মুখে ঠেলে দিয়েছে। দেশের উত্তরাঞ্চলে তথাকথিত বাংলা ভাইয়ের নেতৃত্বে মৌলবাদী একটি প্রাইভেট বাহিনীর তৎপরতা সম্পর্কে জোট সরকারের নীরবতা প্রমাণ করে এ সরকার সাম্প্রদায়িক শক্তির কাছে আত্মসমর্পণ করেছে।

গতকাল রোববার প্রেসক্রাবে ওয়ার্কাস পার্টি আয়োজিত 'উগ্র সাম্প্রদায়িক ও মৌলবাদী জঙ্গি তৎপরতা বিষয়ক' জাতীয় সংলাপে বক্তারা এ কথা বলেন। তারা বলেন, সারা দেশে বিভিন্ন নামে ও বিভিন্ন আকারে উগ্র মৌলবাদী চক্র তৎপর রয়েছে। এই সশস্ত্র গ্রুপগুলোর সঙ্গে জামায়াতে ইসলামীর সম্পর্ক প্রমাণিত। এদের সঙ্গে পাকিস্তানি গোয়েন্দা সংস্থা আইএসআই ও আফগানিস্তানের তালেবানি কানেকশন রয়েছে। অন্যথায় বাংলা ভাইয়ের পক্ষে বাংলাদেশ থেকে কান্দাহারে গিয়ে তালেবান যোদ্ধাদের সঙ্গে প্রশিক্ষণ গ্রহণ সম্ভব হতো না।

সংলাপে অংশগ্রহণকারী বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ কথিত বাংলা ভাইয়ের প্রাইভেট বাহিনীর হত্যা নৈরাজ্যের প্রতিবাদে আগামী ৩১ মে রাজশাহীতে নাগরিক সমাবেশের কর্মসূচি ঘোষণা করেন। সেই সঙ্গে সরকারকে আগামী সাত দিনের মধ্যে 'জাগ্রত মুসলিম জনতা'র অবৈধ তৎপরতা বন্ধ, এই দলের নেতা বাংলা ভাইকে গ্রেপ্তার এবং এই বাহিনীকে সহযোগিতাকারী পুলিশ কর্মকর্তাদের গ্রেপ্তারের আহ্বান জানানো নয়। অন্যথায় বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে বলে তারা হুঁশিয়ারি উচ্চারণ করেন।

জাতীয় প্রেসক্রাবের ভিআইপি লাউঞ্জে অনুষ্ঠিত এ জাতীয় সম্মেলনে সভাপতিত্ব করেন ওয়ার্কাস পার্টির সভাপতি রাশেদ খান মেনন। বক্তব্য রাখেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক আবদুল জলিল, সিপিবি'র সাধারণ সম্পাদক মুজাহিদুল ইসলাম সেলিম, গণফোরাম সাধারণ সম্পাদক সাইফুদ্দিন আহমেদ মানিক, জাসদ সভাপতি হাসানুল হক ইনু, সাংসদ আসাদুজ্জামান নূর, ঘাতক দালাল নির্মূল কমিটির ভারপ্রাপ্ত সভাপতি শাহরিয়ার কবির, দৈনিক সংবাদ সম্পাদক বজলুর রহমান, অর্থনীতিবিদ আবুল বারকাত, ১১ দলের সমন্বয়ক মোর্শেদ আলী, জাতীয় শ্রমিক ফেডারেশনের সভাপতি আবুল বাসার, সাংবাদিক ফয়েজ আহমেদ, গণফোরাম নেতা পংকজ ভট্টাচার্য প্রমুখ। সংলাপে সমন্বয়কারী ছিলেন ওয়ার্কাস পার্টির সাধারণ সম্পাদক বিমল বিশ্বাস।

সংলাপের শুরুতে ভিডিও প্রজেক্টরের মাধ্যমে রাজশাহীতে জঙ্গি নেতা বাংলা ভাইয়ের নৃশংসতার ওপর নির্মিত ভিডিও চিত্র দেখানো হয়।